



রাকাবের নয় জিএম

জনাব দেবদাস মহাব্যবস্থাপক (জিএম) হিসেবে পদোন্নতি পেয়ে ১৩ এপ্রিল'২০০৮ তারিখ রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক (রাকাব)-এ যোগদান করেন। পদোন্নতি পাওয়ার পূর্বে তিনি কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা-তে উপমহাব্যবস্থাপক (ডিজিএম) হিসেবে কর্মরত ছিলেন। জনাব দেবদাস ০১.১১.১৯৭৮ তারিখে শিক্ষানবিস কর্মকর্তা (৫ম গ্রেড) হিসেবে বাংলাদেশ কৃষি ব্যাংকে যোগদান করেন। ইতোপূর্বে তিনি কর্মসংস্থান ব্যাংকসহ বাংলাদেশ কৃষি ব্যাংক-এ শাখা ব্যবস্থাপক, আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, আঞ্চলিক ব্যবস্থাপক ও প্রধান কার্যালয়ের বিভিন্ন গুরুত্বপূর্ণ বিভাগে দায়িত্ব পালন করেন। জনাব দাস ঢাকা বিশ্ববিদ্যালয় হতে ১৯৭৪ সালে কৃতিত্বের সাথে অর্থনীতিতে অনার্সসহ এম.এ. ডিগ্রী প্রাপ্ত হন। তিনি ইনস্টিটিউট অব ব্যাংকার্স বাংলাদেশ-এর একজন ডিপ্লোমেট এসোসিয়েটস্। জনাব দেবদাস লক্ষীপুর জেলার রামগতি উপজেলার করনানগর গ্রামে ১৯৫৩ সালের ২৩ ফেব্রুয়ারী জন্মগ্রহণ করেন।